দেশনেত্রী বেগম খালেদা জিয়া আর নেই



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ইন্তেকাল করেছেন। মঙ্গলবার ভোরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সকাল ৬টার দিকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। বিএনপির ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক বার্তায় বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

দীর্ঘদিন ধরে নানা শারীরিক জটিলতায় ভুগছিলেন খালেদা জিয়া। গত ২৩ নভেম্বর তাকে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। পরবর্তীতে অবস্থার অবনতি হলে তাকে ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছিল।

১৯৪৬ সালের ১৫ আগস্ট দিনাজপুরে জন্মগ্রহণ করা খালেদা জিয়া ১৯৯১ সালে বাংলাদেশের প্রথম নারী প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেন। সংসদীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা, শিক্ষা খাতে সংস্কার এবং স্বৈরাচারবিরোধী আন্দোলনে নেতৃত্ব দিয়ে তিনি দেশের রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন।

দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি দুই দফা প্রধানমন্ত্রী ছিলেন এবং ‘আপসহীন নেত্রী’ হিসেবে পরিচিতি লাভ করেন। তার ইন্তেকালে দেশের রাজনৈতিক অঙ্গনে শোকের ছায়া নেমে এসেছে।